

ইন্টারনেটে টেলিচার্জ

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে উপস্থিত ছিলেন টেলিটকের বোর্ড চেয়ারম্যান এবং টেলিযোগাযোগ সচিব সুনীল কান্তি বোস, নিয়ন্ত্রক সংস্থা-বিটিআরসির চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) জিয়া আহমেদ, টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক মুজিবুর রহমান, সূর্যমুখীর চেয়ারম্যান এসএম আশিকুজ্জামান। পে-পয়েন্ট সম্পর্কে বিস্তারিত ধারণা দেন সূর্যমুখীর প্রধান নির্বাহী কর্মকর্তা ফিদা হক।

অনুষ্ঠানে জানানো হয়, প্রতিবার ন্যূনতম ৫০ টাকা থেকে এক হাজার টাকা পর্যন্ত রিচার্জ করতে পারবেন যে কোনো গ্রাহক। এক্ষেত্রে গ্রাহককে (www.paypoint.com.bd) ইন্টারনেটে গিয়ে কয়েকটি ধাপ পূরণ করে যে কোনো টেলিটক নম্বরে রিচার্জ করতে পারবে। ২৪ ঘন্টা জুড়ে গ্রাহক এই সেবা পেতে পারবেন। এ সময় বজুরা বলেন, নতুন প্রবর্তিত এই সেবা কার্যক্রম দেশের টেলিযোগাযোগ খাতকে অনেক দূর এগিয়ে নিতে সহায়তা করবে।

ইন্টারনেটে টেলিচার্জ চালু করল টেলিটক

■ ইত্তেফাক রিপোর্ট

দেশে প্রথমবারের মতো ইন্টারনেটে টেলিচার্জ 'পে-পয়েন্ট' চালু করাল রাষ্ট্রায়ত্ত্ব মোবাইল ফোন অপারেটর কোম্পানি টেলিটক। এখন থেকে যে কোনো গ্রাহক চাইলে ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসে তার ডেবিট বা ক্রেডিট কার্ডের সাহায্যে যে কোনো টেলিটক নম্বরে টাকা লোড করতে পারবেন।

গতকাল রবিবার দুপুরে রাজধানীর হোটেল রূপসী বাংলায় টেলিযোগাযোগ মন্ত্রী রাজিউদ্দিন আহমেদ রাজু আনুষ্ঠানিকভাবে এই সেবা কার্যক্রমের উদ্বোধন করেন। টেলিটককে এই অনলাইন রিচার্জ সুবিধার কারিগরি সহায়তা দিচ্ছে সূর্যমুখী লিমিটেড নামের একটি তথ্য প্রযুক্তি সেবা-দানকারী প্রতিষ্ঠান। অনুষ্ঠানে অন্যান্যের

পৃষ্ঠা ২৩ কলাম ২